

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
আইসিটি-১ শাখা
www.sid.gov.bd

বিষয়: উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২০-২১ বাস্তবায়ন অগ্রগতি সংক্রান্ত সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব মোঃ নূরুল আলম
যুগ্মসচিব ও চীফ ইনোভেশন অফিসার, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
সভার তারিখ : ০৮/০৩/২০২১ খ্রিঃ
সময় : সকাল: ১১.০০ ঘটিকা
স্থান : সম্মেলন কক্ষ (রেক-বি), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।

উপস্থিত কর্মকর্তাদের তালিকা: পরিশিষ্ট-ক

সভাপতি সভার শুরুতে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি বলেন, বর্তমান সরকার বাংলাদেশকে ২০৪১ সালের মধ্যে একটি উন্নত রাষ্ট্রে পরিণত করার যে পরিকল্পনা গ্রহণ করেছে তা বিভিন্ন উদ্ভাবনী উদ্যোগ গ্রহণের মাধ্যমে দ্রুত বাস্তবায়ন সম্ভব। এরই ধারাবাহিকতায় পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ ইনোভেশন কর্মপরিকল্পনা গ্রহণ ও পরিচালনা করে আসছে। এ পর্যায়ে সভাপতি এ বিভাগের প্রোগ্রামার ও ইনোভেশন টিমের সদস্য সচিব জনাব সু: ওয়াহিদ মুরাদকে বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২০-২১ এর বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপন করার অনুরোধ করেন।

০২। এ পর্যায়ে এ বিভাগের প্রোগ্রামার ও ইনোভেশন টিমের সদস্য সচিব জনাব সু: ওয়াহিদ মুরাদ বলেন, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২০-২১ এর সূচক ৪.১ এ উদ্ভাবন ও সেবা সহজিকরণ বিষয় ০১ (এক) দিনের ০৩ (তিন) টি কর্মশালা/সেমিনার আয়োজনের বাধ্যবাধকতা রয়েছে। এ বিষয়ে সভাপতি কর্মশালা/সেমিনার খাতে বাজেটের পরিমাণ সম্পর্কে জানতে চাইলে এ বিভাগের উপসচিব (বাজেট ও আর্থিক ব্যবস্থাপনা) জনাব মোসা: কামরুন্নাহার বলেন, এখন পর্যন্ত যে পরিমাণ বাজেট রয়েছে তা দিয়ে ০১ (এক) টি কর্মশালা আয়োজন করা সম্ভব। এ পর্যায়ে সভাপতি বাকি ০২ (দুই) টি কর্মশালা/সেমিনার NSDS প্রকল্প হতে আয়োজন করা সম্ভব কিনা জানতে চাইলে NSDS এর প্রকল্প পরিচালক ও উপসচিব জনাব মো: দিলদার হোসেন বলেন, এ বিভাগের সচিব মহোদয়ের অনুমোদনক্রমে NSDS হতে ০২ (দুই) টি কর্মশালা/সেমিনার আয়োজন করার প্রয়োজনীয় বাজেট প্রদান করা সম্ভব। এ পর্যায়ে সভাপতি কর্মশালায় উপস্থিত সদস্যের সংখ্যা বিষয়ে সকলের মতামত জানতে চাইলে এই ০৩ (তিন) টি কর্মশালা প্রতিটিতে ৩০ জন করে এসআইডি ও বিবিএস এর মোট ৯০ (নব্বই) জন কর্মকর্তা/কর্মচারীদের উপস্থিতিতে আয়োজন করার বিষয়ে সকলে মতামত দেন।

০৩। এ পর্যায়ে ইনোভেশন টিমের সদস্য সচিব জনাব সু: ওয়াহিদ মুরাদ বলেন, বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনার সূচক ৭.১ অনুযায়ী আগামী ১৫-০৫-২০২১ তারিখের মধ্যে ন্যূনতম একটি উদ্ভাবন প্রদর্শনীর (শোকেসিং) আয়োজন করা বাধ্যবাধকতা রয়েছে। এ বিষয়ে সভাপতি বলেন, শোকেসিং বিবিএস এর সাথে যৌথভাবে আয়োজন করার বিষয়ে মতামত দেন। সদস্য সচিব জনাব সু: ওয়াহিদ মুরাদ বলেন, সূচক ৯.২ অনুযায়ী ন্যূনতম ০৫ (পাঁচ) জন উদ্ভাবকগণকে দেশে শিক্ষা সফর/নেজ শেয়ারিং প্রোগ্রামে প্রেরণের কথা উল্লেখ রয়েছে। এ বিষয়ে এ বিভাগের উদ্ভাবন কার্যক্রমের সাথে সম্পর্কিত ২০ (দশ) জন উদ্ভাবকগণকে শিক্ষা সফর/নেজ শেয়ারিং প্রোগ্রামে প্রেরণ করার বিষয়ে সকলে মতামত প্রদান করে। এ ক্ষেত্রে যশোরে অবস্থিত ডাটা সেন্টার ও গাজীপুর হাইটেক পার্ক হতে সচিব মহোদয়ের অনুমোদনক্রমে যেকোনো স্থানে পরিদর্শন করা যেতে পারে।

০৪। বিভারিত আলোচনা শেষে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

- এসআইডি ও বিবিএস এর কর্মকর্তা/কর্মচারীদের সমন্বয়ে প্রতিটি কর্মশালায় সচিব মহোদয়ের অনুমোদন সাপেক্ষে ৩০ জন করে মোট ৯০ জন নিয়ে ০৩ টি কর্মশালার আয়োজন করা হবে।
- এসআইডি ও বিবিএস এর ইনোভেশন টিমের যৌথ সভায় উদ্ভাবন প্রদর্শনী (গোবেসিং) এর আয়োজকে প্রস্তাবনা গ্রহণ করা হবে।
- উদ্ভাবনের সাথে সম্পৃক্ত ন্যূনতম ০৫ জনকে শিক্ষা সফর/নলেজ শেয়ারিং প্রোগ্রামে প্রেরণ করা হবে।

০৫। অবশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(স্বঃ নূরুল আশীফ)
মুদ্রাসচিব

চীফ ইনোভেশন অফিসার
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ

নং:-৫২.০০.০০০০.০২২.০৫.০০১.২০- ৪৫

তারিখ:- ২৫ ফাল্গুন ১৪২৭
১০ মার্চ ২০২১

বিতরণ: সদয় কার্যার্থে (জৈষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১) উপসচিব, এসডিজি স্ট্রল, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।
- ২) জনাব দিলদার হোসেন, উপসচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।
- ৩) উপসচিব, উন্নয়ন-১ অধিশাখা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।
- ৪) উপসচিব, বাজেট ও আর্থিক ব্যবস্থাপনা অধিশাখা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।
- ৫) উপসচিব, উন্নয়ন-২ অধিশাখা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।
- ৬) সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।
- ৭) একান্ত সচিব, সচিবের দপ্তর, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৮) সিনিয়র সহকারী সচিব, অডিট ও সমন্বয় শাখা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।
- ০৯) প্রোগ্রামার (আইসিটি), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।
- ১০) সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, আইসিটি -২ শাখা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।

জ্ঞাতার্থে (অনুলিপি):

- ০১) ব্যক্তিগত কর্মকর্তা, তথ্য ব্যবস্থাপনা অনুবিভাগ, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ (সদয় অবগতির জন্য)
- ০২) ব্যক্তিগত কর্মকর্তা, প্রশাসন অনুবিভাগ, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ (সদয় অবগতির জন্য)।
- ০৩) ব্যক্তিগত কর্মকর্তা, উন্নয়ন অনুবিভাগ, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ (সদয় অবগতির জন্য)।
- ০৪) অফিস কপি।

(স্বঃ মোহাম্মদ আশরাফুল হক)
১০.৩.২০২১

মির্জা মোহাম্মদ আশরাফুল হক
সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার

